দৈনিক সংবাদ

তারিখ ... ... SEP. 0 2. 1999 ...
পৃঃ ৫ কলাম ২ .....

## এইচএসসি পরীক্ষার ফল বিশ্লেষণ

# কুমিল্লা বোর্ডে মেয়েরা ভাল করেছে

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ কুমিল্লা শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় গতবছরের তুলনায় এবার মেয়েরা ভাল করেছে। ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা গতবার ফলাফলে মেধার যে স্বাক্ষর রেখেছিল এবার সে অবস্থানের অবনতি হয়েছে।

গতবছর ছেলেদের তুলনায় মেয়েদের পাসের হার ছিল কম। গতবছর মেয়েদের পাসের হার ছিল ৪৯.৭৬; ছেলেদের ৫২.৪০। এবার পাসের হার মেয়ে ৪৭.৩৭, ছেলে ৪৪.২৫। গতবারের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ২০টি স্থানের ১৬টি দখল করে নিয়েছিল ক্যাডেট কলেজের ছাত্ররা। এবার তা কমে দাঁড়িয়েছে ১০-এ। গতবছর মানবিক বিভাগের মেধা তালিকায় ক্যাডেট কলেজ দখল করেছিল ৫টি স্থান। এবার পেয়েছে ২টি।

গতবছরের তুলনায় এবার মেধা তালিকায় মেয়েদের সংখ্যা বেড়েছে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে এই সংখ্যা গতবারের সমান হলেও মানবিকে ৪ থেকে বেড়ে ৭ হয়েছে।

এবারের ফলাফলে গ্রামের ২টি কলেজ ভাল সাফল্য দেখিয়েছে। দাউদকান্দির জুরানপুর আদর্শ কলেজ সম্মিলিত মেধা তালিকায় ৭টি স্থান দখল করে নিয়েছে। গতবছর এই সংখ্যা ছিল ৪। মুরাদনগর অধ্যাপক আবদুল মজিদ কলেজ বিজ্ঞান বিভাগে ২টি, মানবিকে ৩টি, বাণিজ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয়সহ ৭টি স্থান দখল করে নিয়েছে। গতবছর এই কলেজের পরীক্ষার্থীরা মানবিকে ২টি ও বাণিজ্যে ৫টি স্থান পেয়েছিল। খ্যাতিমান ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ এবছর বিজ্ঞান বিভাগে ১টি, বাণিজ্যে ৫টি এবং মানবিকে ১টি স্থান পেয়েছে। গতবছর এই কলেজটি বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় কোন স্থান পায়নি। বাণিজ্যে পেয়েছিল ৪টি। মানবিকে এবার ও গতবারের সংখ্যা সমান।

### ঈশ্বরদী মহিলা কলেজের সাফল্য

ঈশ্বরদী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাবনা জেলার মধ্যে ঈশ্বরদী মহিলা কলেজের ফলাফল ভাল। ৫ জন ছাত্রী মেধা তালিকায় স্থান লাভ করেছে।

সুমনা সুলতানা ঃ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় মেয়েদের মধ্যে ১ম স্থান অধিকারের কৃতিত্ব অর্জন করেছে। ছলিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মরহুম মুক্তিযোদ্ধা আমির হোসেন বাবলুর কনিষ্ঠ কন্যা সুমনা মায়ের সাথে ঈশ্বরদী বাবুপাড়া এলাকায় বাস করে। সে ভবিষ্যতে প্রকৌশলী হতে আগ্রহী।

শারমিন তারেক শিলা ঃ একই কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্রী শারমিন তারেক শিলা মেয়েদের মেধা তালিকায় ৮৯৫ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। মোঃ আবু তারেকের ছোট মেয়ে শিলা ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষায় মেয়েদের মেধা তালিকায় নবম স্থান অধিকার করেছিল।

শামিম আরা মিলি ঃ ঈশ্বরদী মহিলা কলেজের ছাত্রী মিলি বাণিজ্য বিভাগে সম্মিলিত মেধা তালিকায় পঞ্চম এবং মেয়েদের মধ্যে চতুর্থ স্থান লাভ করেছে। ঈশ্বরদী স্বাস্থ্য কেন্দ্রের চাকরিজীবী আবু মুসার মেয়ে মিলি বাণিজ্যে উচ্চতর ডিগ্রি গ্রহণ করতে চায়।

সুস্মিতা শারমিন ঃ এই কলেজের বাণিজ্য বিভাগের ছাত্রী শারমিন সম্মিলিত মেধা তালিকায় দশম এবং মেয়েদের মধ্যে ষষ্ঠ স্থান লাভ করেছে। রেলের প্রাক্তন টিটিই জালালউদ্দিনের মেয়ে শারমিন বাণিজ্যে উচ্চতর ডিগ্রি অর্জনে আগ্রহী। তার মা একজন শিক্ষিকা।

নাহিদ ইসলাম ঃ ঈশ্বরদী নূর মহল্লার অধিবাসী ব্যবসায়ী মনোয়ারুল ইসলামের তৃতীয় মেয়ে নাহিদ ইসলাম বাণিজ্য শাখা থেকে সম্মিলিত মেধা তালিকায় ১৬তম এবং মেয়েদের মধ্যে দশম স্থান অধিকার করেছে। সে প্রতিদিন ৭/৮ ঘন্টা লেখাপড়া করেছে।

### সুমী শিক্ষক হতে চায়

চাঁপাইনবাবগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফলে মানবিক বিভাগের সম্মিলিত মেধা তালিকায় ১৩তম স্থান অধিকারী মোসাম্মৎ শামসুন নাহার সুমী ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে চায়। সে এখন ইংরেজিতে অনার্স পড়বে বলে সিদ্ধান্ত নিয়েছে। সে চাঁপাইনবাবগঞ্জ শাহ নেয়ামতুল্লাহ কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে। সে চাঁপাইনবাবগঞ্জ পৌর এলাকাধীন আলীনগর মহল্লার টিটিআই রোডের শিক্ষক আবদুল মতিন ও মোসাম্মৎ তাহমিনা বেগমের একমাত্র কন্যা।